



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা মহিলা কমিশন

মেলারমাঠ আগরতলা - ৭৯৯ ০০১ পশ্চিম ত্রিপুরা।

রেফ নং :

তারিখ : ৪ - ৬ - ২০১৫

No.F.7(1)/SWC/PC/U-Dth/SI.197/15 / 2531 - 40

প্রেস রিলিজ

গৃহবধূর অস্বাভাবিক মৃত্যু - অপরাধীদের শাস্তি চায় কমিশন

গত ৩১শে মে স্থানীয় প্রতিকায় প্রকাশিত ‘নির্যাতনে গৃহবধূর মৃত্যু’ খবরের ভিত্তিতে কমিশনের সভানেটী ও একজন প্রতিনিধি তেলিয়ামুড়ায় মৃতার বাড়ী যান। সেখানে গিয়ে মৃতার মা ও বাবার সাথে কথা বলে জানা যায় পাশের বাড়ীর প্রদীপ দাসের সাথে মৃতার ভালবাসার সম্পর্কের পর সামাজিক বিয়ে হয়। বিয়ের সময় প্রদীপ দাস নগদ টাকা চান কিন্তু না দিতে পারায় বিয়েতে দেওয়া আসবাবপত্র প্রদীপ দাস নেননি। এখনও জিনিসপত্র মৃতার বাবার বাড়ীতেই রয়ে গেছে। বিয়ের পর থেকে স্বামী, শাশুরী ও ভাসুর সবাই মিলে মৃতা অজস্তা বিশ্বাসকে শারীরিক ও মানসিক নির্যাতন করত। কিছুদিন আগে বাস গাড়ী কেনার জন্য অজস্তার স্বামী দুই লক্ষ টাকা চায়। না দিতে পারায় অত্যাচার বেড়ে যায়। সন্তান হওয়ার সময় ও সমস্ত খরচ অজস্তার বাবা বহন করে। কন্যা সন্তান জন্ম নেওয়ায় অজস্তার উপর নির্যাতন বেড়ে যায়। যেদিন অজস্তার মৃত্যু হয় সেদিন সন্ধ্যায় অজস্তার শাশুরী ও ভাসুর অজস্তাকে নির্যাতন করে। নির্যাতনের কারণে অজস্তার বুকে ব্যাথা হয় এবং হাসপাতালে নিলে অজস্তার মৃত্যু হয় বলে অজস্তার মা জানান।

অজস্তার পরিবার অপরাধীদের শাস্তি চায়। কমিশনও খটনার তদন্তক্রমে অপরাধীদের শাস্তি দাবি করছে।

০৪/৬/২০১৫
(Smt. Aparna De)
Member Secretary
Tripura Commission for Women



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা - ৭৯৯ ০০১ □ পশ্চিম ত্রিপুরা।

রেফ. নং :

তারিখ : 24-6-2015

No.F.7(1)/SWC/PC/U-Dth/SI.222/15/2829-46

প্রেস রিলিজ

নাবালিকার অস্বাভাবিক মৃত্যু - ঘটনার তদন্তে মহিলা কমিশন

গত ১৬ই জুন স্থানীয় প্রতিকায় প্রকাশিত খবরের ভিত্তিতে ২২শে জুন কমিশনের সভানেটী ও একজন প্রতিনিধি সহ 'নাবালিকার অস্বাভাবিক মৃত্যু' ঘটনার তদন্তে বিশ্বামগঙ্গ শিয়ে মৃত্যুর মার সঙ্গে কথা বলেন। উনার বক্তব্যে জানা যায় যে, গত ১৬ই জুন সকালে ৯টা নাগাদ উনি মুড়ি কিনতে বিশ্বামগঙ্গের একটি দেকানে যান। যাওয়ার সময় বি এস এন ল এর বিশ্বামগঙ্গ অফিসের সামনে উনার মেয়েকে দাঢ়িয়ে থাকতে দেখেন। কিন্তু ফেরার সময় আর দেখতে পান নি। বাড়ীতে এসেও মেয়ের খোঝ পান নি। ভেবেছেন মেয়ে হয়তো শুলে চলে গেছে। বিকাল থেকে সকালেই খোজা খুজি করলেও মেয়ের হাদিস পান নি। খোঝ চলছিল। কিন্তু এমন সময় খবর পওয়া যায় বি এস এন ল অফিসের ভিত্তির একটি দেহ পড়ে আছে। বাড়ীর লোক গিয়ে দেখতে পায় উনার ঘোরের দেহ। কিন্তু তখনো বেঁচে আছে। সঙ্গে সঙ্গে উনার থামী, বাবা ও অনারা মিলে বিশ্বামগঙ্গ হাসপাতালে নিয়ে যায়। সেখান থেকে জি বি পি হাসপাতালে রেফার করা হয়। হাসপাতালে নিয়ে যাওয়ার পথেই মেয়েটি মারা যায়। মেয়েটির পিতা বিশ্বামগঙ্গ খনায় মামলা করেছেন। মেয়েটির মা'র ধারণা বিশ্বামগঙ্গ বি এস এন ল অফিসের কর্মচারী শ্রী বিকাশ লক্ষ্মন এই ঘটনার সঙ্গে জড়িত। কিভাবে প্রহরী থাকা অবস্থায় মেয়েটি ভিতরে ঢেল এবং এরকম অবস্থা হল- তাৰ উত্তর চান উনি।

কমিশন চায় ঘটনার সুষ্ঠু তদন্ত হোক এবং অবিযুক্তের কঠোর শাস্তি হোক।

24/6/2015
Smt. Arpana
Tribhuvan State Commission for Women
Tribhuvan Commission for Women